



হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গতকাল ঢাকায় প্রতীকী অবস্থান ধর্মঘট পালন করে

### হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের

#### ছাত্র-ছাত্রীদের প্রতীকী ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । সরকারী প্রজ্ঞাপন জারির দাবীতে গতকাল মঙ্গলবার হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (দিনাজপুর) ছাত্র-ছাত্রীরা জাতীয় প্রেসক্লাবের সম্মুখে এক প্রতীকী ধর্মঘট কর্মসূচী পালন করে। ছাত্র-ছাত্রীরা জানায়, বিগত সরকারের আমলে হাজী দানেশ কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হিসেবে ঘোষণা দেয়া হয় এবং বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য একজন প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়। এ পর্যন্ত প্রতিষ্ঠানটিতে দু'টি ব্যাচের শিক্ষা কার্যক্রম শুরু হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন সরকারী প্রজ্ঞাপন জারি না হওয়ায় শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন পাচ্ছে না। ফলে তারা বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন পরীক্ষাতেও অংশ নিতে পারছে না।